

পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী : আদমদীঘি, বগুড়া।

সভাপতি : জনাব মাহমুদুর রহমান
উপজেলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি, পল্লী উন্নয়ন ও সমবায়
বিষয়ক স্থায়ী কমিটি, আদমদীঘি, বগুড়া।

তারিখ : ০৬ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ
রোজ : বুধবার, সময় : বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট-“ক”তে দেখানো হলো।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসার আলোচ্য সূচী অনুযায়ী সভার আলোচনা শুরু করেন।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা ও প্রস্তাবনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
১.	বিগত সভার কার্য- বিবরণী পাঠ ও অনুমোদন	২৯ শে সেপ্টেম্বর, ২০২১ইং তারিখে অনুষ্ঠিত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। উপস্থাপিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ় করনের প্রস্তাব করা হয়।	২৯ শে সেপ্টেম্বর, ২০২১ইং তারিখে অনুষ্ঠিত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হলো।	স্থায়ী কমিটি
২.	উপজেলা পরিষদ-এর বাজেটে পল্লী উন্নয়ন ও সমবায় খাতে বরাদ্দ প্রদান প্রসঙ্গে।	উপজেলা পরিষদ-এর বাজেট সভার আলোচনায় জানা যায় পল্লী উন্নয়ন ও সমবায় খাতে কোন অর্থ বরাদ্দ নেই। এব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয়। পল্লী উন্নয়নে তথা গ্রামের কৃষকদের আর্থসামাজিক উন্নয়ন ও দক্ষ জনশক্তিতে রূপান্তরের লক্ষ্যে এ খাতে বাজেট বরাদ্দ প্রয়োজন।	বিস্তারিত আলোচনার পর এ খাতে উল্লেখযোগ্য পরিমাণ বাজেট বরাদ্দ রাখার প্রস্তাব করা হয়।	উপজেলা পরিষদ বগুড়া

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সম্মানিত সদস্য গণকে ধন্যবাদ জানিয়ে সভার
সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মাহমুদুর রহমান
উপজেলা ভাইস চেয়ারম্যান
ও সভাপতি
পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক
স্থায়ী কমিটি, আদমদীঘি, বগুড়া।